

স্মারক নং- ০৫.৪৩.৭৬০০.০৩৬.৩৩.০৩৫.২৪. ০২

তারিখ : ০৮ পৌষ ১৪৩০  
০৯ জানুয়ারি ২০২৪

**“ গণবিজ্ঞপ্তি ”**


আমি মুঃ আসাদুজ্জামান, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, পাবনা এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে পাবনা জেলার ০৫ (পাঁচ) টি সংসদীয় আসনে নির্বাচনী তফসিল অনুযায়ী আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ রবিবার সকাল ০৮.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা এর ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের ৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১-৮৭৪ নং প্রজ্ঞাপনের প্রেক্ষিতে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী অনুষ্ঠিতব্য নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

(১) ট্যাক্সি ক্যাব	(২) পিক আপ	(৩) মাইক্রোবাস	(৪) ট্রাক
--------------------	------------	----------------	-----------

০২। এছাড়াও ০৫ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৮ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

০৩। উপরিস্থিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য হবে :

- আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতি প্রাপ্ত পর্যবেক্ষক ;
- জরুরী সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন ;
- আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসাবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন ;
- প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনী এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১টি গাড়ী(জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীতে স্টীকার প্রদর্শন সাপেক্ষে চলাচল করতে পারবে ;
- সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরী কোন কাজে ব্যবহৃত মোটর সাইকেল রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে চলাচল করতে পারবে ;
- নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী অথবা অন্য কোন ব্যক্তি মোটর সাইকেলে চলাচল করতে পারবে;
- জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ছাড়াও আঞ্চলিক বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় বিশেষ বিবেচনায় (প্রয়োজ্য ক্ষেত্রে) নিষেধাজ্ঞা শিথিলযোগ্য।

  
০৯/০৭/২০২৪  
( মুঃ আসাদুজ্জামান )  
জেলা ম্যাজিস্ট্রেট  
পাবনা

ফোন : ০২৫৮৮৮৪৫৪৯৯


e-mail: [dcpabna@mopa.gov.bd](mailto:dcpabna@mopa.gov.bd)

স্মারক নং- ০৫.৪৩.৭৬০০.০৩৬.৩৩.০৩৫.২৪.১২

তারিখঃ ১৮ পৌষ ১৪৩০  
০৯ জানুয়ারি ২০২৪

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ০৫। পুলিশ সুপার, পাবনা।
- ০৬। সিনিয়র জেলা নির্বাচন অফিসার।
- ০৭। সিনিয়র জেলা তথা অফিসার, পাবনা। [ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ]
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার ..... (সকল), পাবনা। [ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ]
- ০৯। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা। (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের জন্য)
- ১০। অফিসার ইনচার্জ..... থানা, পাবনা।
- ১১। উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার পাবনা সদর/সুজানগর, পাবনা। [ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ]
- ১২। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, পাবনা। [ বিজ্ঞপ্তিটি পত্রিকায় প্রকাশের অনুরোধসহ ]
- ১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, পাবনা কেবল ডিশন। [ বিজ্ঞপ্তিটি ক্যাবল নেটওয়ার্কের মাধ্যমে প্রচারের অনুরোধসহ ]
- ১৪। নোটিশ বোর্ড।
- ১৫। অফিস কপি।

  
০৯/০১/২০২৪  
জেলা ম্যাজিস্ট্রেট  
পাবনা